# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৪. নিয়ত বা অভিপ্রায়

بَابُ النِّيَّةِ

আরবী

نَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الْبَزَّازُ ، ثَنَا أَبُو حَاتِمٍ الرَّازِيُّ ، ثَنَا الْحَجَبِيُّ ، ح : وَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، نَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ أَنَسٍ ، نَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْوَهَّابِ الْحَجَبِيُّ ، نَا الْحَارِثُ بْنُ غَسَّانَ حَدَّثَنِي أَبُو عِمْرَانَ الْجَوْنِيُّ ، عَنْ أَنَسٍ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " يُجَاءُ يَوْمَ الْقِيَامَةِ بِصُحُفٍ مُخَتَّمَةٍ فَتُنْصَبُ بَيْنَ يَدَيِ اللَّهِ عَزَّ وَجَلَّ ، فَيَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ لِمَلَائِكَتِهِ : أَلْقُوا هَذَا ، وَاقْبَلُوا هَذَا . فَتَقُولُ الْمَلَائِكَةُ : وَعِزَّتِكَ مَا رَأَيْنَا إِلَّا خَيْرًا ، فَيَقُولُ : وَهُوَ أَعْلَمُ : إِنَّ هَذَا كَانَ لِغَيْرِي ، وَلَا أَقْبَلُ الْيَوْمَ مِنَ الْعَمَلِ إِلَّا مَا ابْتُغِيَ بِهِ وَجْهِي

বাংলা

১২৮(২). ইয়াকূব ইবনে ইবরাহীম আল-বাযযায (রহঃ) .... আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন মহান আল্লাহর সামনে বান্দার সীলমোহরকৃত কার্যবিবরণী পেশ করা হবে। মহান আল্লাহ তাঁর ফেরেশতাদের বলবেন, এটা উলটে দেখো। ফেরেশতারা বলবেন, হে আল্লাহ! তোমার ইজ্জতের শপথ! এর মধ্যে আমরা যা দেখলাম সবই ভালো। অবগত থাকা সত্ত্বেও আল্লাহ বলবেন, নিশ্চয়ই এই আমল অন্যের জন্য করা হয়েছে। আর আজ আমি কেবল সেই আমলই গ্রহণ করবো, যা একান্তই আমার সন্তুষ্টি অর্জনের নিয়াতে করা হয়েছে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79917

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন